# ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফ আর সি)

## জাতীয় শুদ্ধাচার কৌশল

### ১. প্রেক্ষাপট

(ক) দেশের শেয়ার বাজার ও জনস্বার্থ প্রতিষ্ঠান সমূহের আর্থিক সততা, স্বচ্ছতা ও নিয়মানুবর্তিতা আনয়ন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে এফআরসি সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। সরকার নতুন আইন (এফআরএ-২০১৫) এর আওতায় এফআরসি প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠানটি জনস্বার্থ ব্যবসা প্রতিষ্ঠান, সিভিল সোসাইটি প্রতিষ্ঠান এবং এনজিও ও তাদের নিরীক্ষকদের কার্যাদি পরিবীক্ষণ ও পুনরীক্ষণ করবে, তদন্ত পরিচালনা করে এবং সংশ্লিষ্ট আইনের অধীনে অভিযোগ দায়ের ও মামলা পরিচালনার মাধ্যমে আর্থিক প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদনের অসততা, অসচ্ছতা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) সরকার কাউন্সিলের চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক নিয়োজিত করেছে। তবে নিয়োগ কাঠামোর অনুমোদন হয়নি এবং তদানুযায়ী লোকবল এখনো নিয়োগ হয়নি। কাউন্সিলকে অধিকতর দক্ষ ও কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য তথ্য প্রযুক্তি, হিসাবরক্ষন, নিরীক্ষা প্রথা পদ্ধতি অনুসন্ধান ও তদন্ত কার্য, 'হোয়াইট কালার' অপরাধ, 'মানি লন্ডারিং' অভিযুক্তের অধিকার, ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে কর্মকর্তা কর্মচারীদের ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থার প্রয়োজন রয়েছে। বাংলাদেশ জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনে স্বাক্ষর করেছে এবং অভ্যন্তরীণ দায়বদ্ধতা ছাড়াও কাউন্সিল আন্তর্জাতিক পর্যায়ের একটি দায়বদ্ধ প্রতিষ্ঠান হিসেবে আবির্ভূত হয়েছে।

(গ) এফআরসি সকল জনস্বার্থ সংস্থা ও জনস্বার্থ সংস্থার নিরীক্ষকগণের আর্থিক প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদন পুনঃরীক্ষণ ও পরিবীক্ষণ করিবেন এবং অর্থ মন্ত্রণালয় তথা সরকারের নিকট প্রতিবেদন প্রদান করিবেন। জনস্বার্থ প্রতিষ্ঠানের আর্থিক দায়বদ্ধতা নিশ্চিত করার মাধ্যমে এফআরসি রাষ্ট্রের ওয়াচডগ হিসেবে কাজ করবেন।

(ঘ) এফআরসিকে আর্থিক, প্রশাসনিক, ও আন্তর্জাতিক পর্যায়ের অসততা, অসচ্ছ কার্যকলাপের ব্যাপক অনুসন্ধান, তদন্ত এবং মামলা পলিচালনা করতে হবে বিধায় এর সক্ষমতা ও দক্ষতা প্রভূতভাবে বৃদ্ধি করা প্রয়োজন এবং এর স্বাধীনতা নিশ্চিত করা জরুরি। আর্থিক প্রতিবেদন সম্পর্কিত তদন্ত পরিচালনার ক্ষেত্রে কাউন্সিলের নিরপেক্ষতা সমুন্নত রেখে তার দায়বদ্ধতাও নিশ্চিত করা প্রয়োজন।

### ২. চ্যালেঞ্জ

এক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জসমূহ নিম্নরূপ:

- স্বাধীনভাবে এবং নিরপেক্ষতার সাথে কাউন্সিলের কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক ও আইনি ক্ষমতা লাভ;
- কাউন্সিলের নিরপেক্ষতা সমুন্নত রাখা এবং দায়বদ্ধতা নিশ্চিত করা;
- মানসম্পন্ন সেবাদান নিশ্চিত করার জন্য প্রাতিষ্ঠনিক ও জনবল-সংশ্লিষ্ট সক্ষমতা বৃদ্ধি;
- কাউন্সিল কর্তৃক পর্যাপ্ত সম্পদ লাভ;
- তদন্ত কার্য পরিচালনা ও অভিযোগ দাখিলের ক্ষেত্রে কাউন্সিলের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি;
- পরিবীক্ষণ ও পুনরিক্ষণ কাজে নিয়োজিত কর্মকর্তাদের দৃঢ়ভাবে শুদ্ধাচার অনুসরণ, তাদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- আর্থিক বিবরনীর অসততা, অসচ্ছতা বিরোধী এফআরসি এর অবস্থানে নাগরিক ও আইন-প্রণেতাদের দৃঢ় সমর্থন প্রদানের সুযোগ সৃষ্টি;

## ৩. লক্ষ্য ও সুপারিশ

**লক্ষ্য**

আর্থিক প্রতিবেদনে সততা, সচ্ছতা আনয়নে কার্যকর একটি প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠালাভ।

**স্বল্পমেয়াদি সুপরিশ**

১. কাউন্সিলের দক্ষতা ও সক্ষমতা উন্ননের ব্যবস্থা গ্রহণ;
২. অসততা ও অসচ্ছতা সম্পর্কে তথ্য প্রদানকারীদের সুরক্ষায় সহায়তা প্রদান;
৩. আর্থিক প্রতিবেদনে অসততা, অসচ্ছতা প্রতিরোধ কমিটি গঠনে নাগরিকদের সমপৃক্ত করার জন্য যোগাযোগ কর্মকৌশল প্রবর্তন;
৪. তদন্ত পরিচালনায় কাউন্সিলের স্বাধীনতা নিশ্চিতকরণ;
৫. এফআরসি এর নিরপেক্ষতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরণ;

**মধ্য ও দীর্ঘমেয়াদি সুপরিশ**

১. সর্বোৎকৃষ্ট আর্থিক প্রতিবেদন, নিরীক্ষা মানদন্ড ও পরাকৌশলের অনুকরণ ও অনুশীলন;
২. আর্থিক প্রতিবেদনে অসততা, অসচ্ছতা প্রতিরোধে সচেতনতা সৃষ্টি ও প্রতিরোধ গড়ে তোলার ক্ষেত্রে নাগরিক গোষ্ঠী ও গণমাধ্যমের সঙ্গে যৌথ উদ্যেগ অব্যাহত রাখা;

## ৪. কর্মপরিকল্পনা

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন চুক্তি | সময় | দায়িত্ব | সহায়তাকারী |
|---|---|---|---|---|---|
| ১. | কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধিকরণ এবং তদন্ত পরিচালনায় পূর্ণ স্বাধীনতা প্রদান | প্রয়োজনীয় বিধি, প্রবিধান প্রস্তুত এবং লোকবল নিয়োগ | স্বল্পমেয়াদে | এফআরসি | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| ২. | কাউন্সিলের কার্যক্রমের অধিকতর নিরপেক্ষতা নিশ্চিতকরণও দায়দ্ধতা নিশ্চিতকরণ | প্রয়োজনীয় বিধি, প্রবিধান প্রস্তুত এবং লোকবল নিয়োগ | মধ্যময়াদে | এফআরসি | অর্থ বিভাগ |
| ৩. | কাউন্সিলের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষে প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম গ্রহণ | প্রশিক্ষণ পরিকল্পনা প্রণীত ও তদনুসারে কার্যক্রম বাস্তবায়িত | চলমান | এফআরসি | অর্থ বিভাগ |
| ৪. | বিভিন্নসংস্থার সঙ্গে কাউন্সিলের প্রতিষ্ঠানিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন | কাউন্সিল কর্তৃক চাহিবামাত্র তথ্য প্রপ্তির সুযোগ লাভ | স্বল্পমেয়াদে | এফআরসি | অর্থ বিভাগ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ |
| ৫. | প্রমাণিত উৎক্রষ্ট অনুশীলন (best practice) অনুকরণ ও অনুশীলনের মাধ্যমে প্রতিষ্ঠানিক সংস্কার সাধন | উৎকৃষ্ট অনুশীলন-পদ্ধতির উত্তরোত্তর বাস্তবায়ন | মধ্যময়াদে | এফআরসি | অর্থ বিভাগ |
| ৬. | সরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান ও সুশীল সমাজ ও গণমাধ্যমের অসত্য ও অসচ্ছ আর্থিক প্রতিবেদনের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ। | কার্যকর আর্থিক প্রতিবেদন বিরোধী অভিযান বাস্তবায়িত | স্বল্পমেয়াদে এবং অব্যাহতভাবে | এফআরসি | অর্থ বিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭. | আর্থিক প্রতিবেদন দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার ইউনিট ও নৈতিকতা কমিটি গঠন ও শক্তিশালীকরণে সহায়তা প্রদান | 'জাতীয় শুদ্ধাচার কৌশল' অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ইউনিটসমূহ গঠিত ও কার্যকর | স্বল্পমেয়াদে | অর্থ বিভাগ | এফআরসি |
| ৮. | আর্থিক প্রতিবেদন দুর্নীতি প্রতিরোধে নিয়োজিত ব্যক্তিদের দুর্নীতি প্রতিরোধের জন্য মনিটরিং সেল প্রতিষ্ঠা | মনিটরিং সেল প্রতিষ্ঠা | স্বল্পমেয়াদে | অর্থ বিভাগ | এফআরসি |
| ৯. | জনপ্রতিনিধিসহ রাজনৈতিক নেতৃবৃন্দকে আর্থিক প্রতিবেদন দুর্নীতি-বিরোধী কার্যক্রমে অংশগ্রহণের জন্যউদ্বুদ্ধ করা | নেতৃবৃন্দকে আর্থিক প্রতিবেদন দুর্নীতি-বিরোধী প্রচারণা ও কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ | স্বল্পমেয়াদে | এফআরসি | অর্থ বিভাগ |
| ১০. | অর্থসম্পদ পাচার রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ | 'মানি লন্ডারিং প্রতিরোধ আইন' অব্যাহতভাবে বাস্তবায়িত | স্বল্পমেয়াদে এবং অব্যাহতভাবে | এফআরসি | অর্থ বিভাগ |